

তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড এর ৪র্থ বার্ষিক সাধারণ সভা :



২৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল) এর ৪র্থ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সিসিবিএল এর চেয়ারম্যান জনাব মোঃ এ সালাম সিকদার। সিসিবিএল এর পরিচালক জনাব এ.কে.এম নূরুল ফজল বুলবুল পবিত্র কোরআন তেলাওয়াত ও প্রারম্ভিক বক্তব্যের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন।

উক্ত সভায় কোম্পানীর ২০২১-২২ এর আর্থিক বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন হয়। এছাড়াও পরিচালনা পর্ষদের সুপারিশকৃত ৫ (পাঁচ) শতাংশ লভ্যাংশ ঘোষণা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং পরবর্তী অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিতোষিক নির্ধারণ করা হয়।

সভায় সিসিবিএল এর পরিচালক মন্ডলীর সদস্যবৃন্দ এবং শেয়ার হোল্ডারদের প্রতিনিধি উপস্থিত ছিলেন।

অনন্ত কুমার সরকার
কোম্পানী সেক্রেটারী, সিসিবিএল